DocuSign Envelope ID: AF9B8011-51D0-4FEA-8ECF-B73D8CD74AE6

# উইমেন্স ইমপাওয়ারমেন্ট ফর ইনক্লুসিভ গ্রোথ (উইং)
# আনন্দমেলা উদ্যোক্তাদের ভবিষ্যত কর্মপরিকল্পনা বিষয়ক সভা

**তারিখ:** ২৮ মে ২০২৩, **সময়:** সকাল ১০: ০০-১২:০০
**ঠিকানা:** আইডিবি ভবন (স্বপ্ন প্রকল্প), ইউএন অফিস, ই/৮-এ, বেগম রোকেয়া স্মরণী, ঢাকা-১২০৭
**স্থান:** স্বপ্ন প্রকল্প মিটিং রুম।

## সভার কার্যবিবরণী

**সভায় অংশগ্রহণকারী:**

- কাজল চ্যাটার্জী, ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, স্বপ্ন এবং উইং প্রজেক্ট, ইউএনডিপি, বাংলাদেশ।
- সারাহ্ জিতা, ন্যাশনাল কনসালটেন্ট, আনন্দমেলা কো-অর্ডিনেটর, উইং প্রজেক্ট
- শিখা খাতুন, ডকুমেনটেশন অ্যান্ড ইভেন্ট অ্যাসিসটেন্ট, উইং প্রজেক্ট
- বুশরা তাবাসসুস, প্রোগ্রাম অ্যাসোসিয়েট, উইং প্রজেক্ট
- ফাহিম রেজা, ন্যাশনাল কনসালটেন্ট, আইটি কো-অর্ডিনেটর (আনন্দমেলা) উইং প্রজেক্ট
- আনন্দমেলা'র উদ্যোক্তাগণ (অনলাইন এবং অফলাইন)- ৮৫ জন

**সভার এজেন্ডা:**

- আনন্দমেলা'র ওয়েবসাইট বিষয়ক উদ্যোক্তাদের মতামত গ্রহণ, পর্যালোচনা এবং বিশ্লেষণ।
- আনন্দমেলা উদ্যোক্তাদের  অগ্রগতি বিষয়ক ভবিষ্যত কর্মকৌশল এবং বিভিন্ন বাধাসমূহ উত্তরণের পরিকল্পনা নিয়ে আলোচনা।

২৮ মে ২০২৩ সকাল ১০:০০ টায় ইউএনডিপি'র আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেস (উইং প্রোগাম) এর উদ্যোগে **'আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেস এর টেকসই উন্নয়ন এবং ওয়েবসাইটের সঠিক ব্যবহার ও বিভিন্ন চ্যালেঞ্জ সমূহের সমাধান'** বিষয়ক সভা আয়োজন করা হয়। উক্ত সভায় অংশগ্রহণ করেছিলেন তৃণমূল এবং জাতীয় পর্যায় থেকে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা। সভায় মোট ৮৫ জন উদ্যোক্তা অনলাইন এবং অফলাইনে উদ্যোক্তা উপস্থিত ছিলেন। ধন্যবাদ জ্ঞাপন এবং পরিচয় পর্বের মাধ্যমে সভা পরিচালনা করেন মি. কাজল চ্যাটার্জী, ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার, স্বপ্ন এবং উইং প্রজেক্ট, ইউএনডিপি বাংলাদেশ। উক্ত সভায় ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার উল্লেখ করেন যে, আনন্দমেলা'র ওয়েবসাইটটি সম্পূর্ণ বিনামূল্যে ব্যবহারযোগ্য কিন্তু উদ্যোক্তারা তাদের ব্যবসা পরিচালনা করছেন নিজস্ব ব্যবসার ফেইসবুক পেজ এবং ব্যক্তিগত ফেইসবুক পেজের মাধ্যমে; ফলশ্রুতিতে আনন্দমেলা ওয়েবসাইটের মাধ্যমে তুলনামূলক কম বিক্রি পরিলক্ষিত হচ্ছে। সেক্ষেত্রে ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার উদ্যোক্তাদের উদ্দেশ্যে কিছু প্রশ্ন উত্থাপন করেন:-

- যেহেতু আপনারা অধিকাংশ উদ্যোক্তা ফেইসবুক পেজকে আপনাদের অনলাইন ব্যবসার প্রধান মাধ্যম হিসেবে ব্যবহার করেছেন সেক্ষেত্রে আনন্দমেলা অনলাইন মাকেটপ্লেস (ওয়েবসাইট) চালু রাখার প্রয়োজনীয়তা আছে কি না বা বন্ধ করে দেওয়া উচিত কি না?
- আনন্দমেলা ওয়েবসাইটের মাধ্যমে আপনাদের ব্যবসা পরিচালনায় কি ধরনের অসুবিধার সম্মুখীন হন?
- এসব সমস্যা দূরীকরণে ইউএনডিপি কি ধরনের সহযোগিতা করতে পারে?

DS
KC
15-Jun-2023
National Project Manager

DocuSign Envelope ID: AF9B8011-51D0-4FEA-8ECF-B73D8CD74AE6

- কোন কারণে যদি ইউএনডিপি'র পক্ষে আনন্দমেলা ওয়েবসাইট সচল রাখতে সহযোগিতা দেওয়া সম্ভব না হয়, সেক্ষেত্রে আপনারা কি করবেন?

উপর্যুক্ত বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে উদ্যোক্তারা তাদের চ্যালেঞ্জগুলো আলোচনা করেন, যেমন আনন্দমেলা ওয়েবসাইট ব্যবহারের ক্ষেত্রে তাদের পর্যাপ্ত দক্ষতার অভাব রয়েছে, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের অভাব রয়েছে। আনন্দমেলা ওয়েবসাইটটির আরো বেশি কার্যক্রম করার জন্য উদ্যোক্তারা তাদের মতামত এবং পরামর্শগুলোও শেয়ার করেন। পরিশেষে, উদ্যোক্তারা সকলে মিলে অনলাইন মার্কেটপ্লেসের স্থায়িত্ব নিশ্চিতকরণের জন্য সম্মিলিত সিদ্ধান্ত প্রদান করেন। উদ্যোক্তারা আনন্দমেলা মার্কেটপ্লেসের তিনটি বিষয়ের উপর আলোকপাত করেন, যেমন: ১. ওয়েবসাইটের মাধ্যমে সক্ষমতা এবং সহজ অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ; ২ প্রচার-প্রসারের মাধ্যমে বিক্রয় বৃদ্ধির জন্য ডিজিটাল মার্কেটিংয়ের ব্যবস্থা করা; ৩. উদ্যোক্তাদের জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের ব্যবস্থা রাখা যেন সহজেই ওয়েবসাইটে প্রবেশ করতে পারে। এই প্রস্তাবনাগুলোর লক্ষ্য হচ্ছে আনন্দমেলা ওয়েবসাইটের কার্যক্রমকে উন্নত করা এবং লেনদেনের হিসাবরক্ষণ সহজ করা।

**প্রধান সিদ্ধান্তসমূহ:**

- আনন্দমেলা মার্কেটপ্লেসকে মেম্বারশীপ ভিত্তিক করা হবে এবং জয়েন্ট স্টক কোম্পানীর অধীনে রেজিস্ট্রেশন করা হবে। রেজিস্ট্রেশনের জন্য ইউএনডিপি এখানে কারিগরি সহযোগিতায় থাকবে।
- এই মার্কেটপ্লেসের প্রত্যেক সদস্য বাৎসরিক সদস্য ফি-পাঁচশত (৫০০) টাকা করে প্রদান করবে এবং একটি ব্যাংক অ্যাকাউন্ট খোলা হবে; ব্যাংক অ্যাকাউন্টটি পরিচালিত হবে গঠনতন্ত্র অনুযায়ী।
- আনন্দমেলা মার্কেটপ্লেসটি বোর্ড গঠন করে পরিচালক দ্বারা পরিচালিত হবে। উদ্যোক্তাদের সর্বসম্মতিক্রমে ১৫ জন সদস্য নির্বাচন বা বাছাই প্রক্রিয়ার মাধ্যমে উদ্যোক্তাদের মধ্য থেকে সদস্যপদ দেওয়া হবে; বিভাগ অনুযায়ী প্রতিনিধিত্ব নিশ্চিত করতে আটটি (০৮ টি) বিভাগ থেকে আট (০৮) জন সদস্য থাকবে এবং বাকি সদস্য নির্বাচিত হবে বিভিন্ন সেক্টর থেকে দক্ষতা অনুযায়ী। ইউএনডিপি'র অন্যান্য প্রকল্পে যে সব উদ্যোক্তা ইতোমধ্যে আনন্দমেলা মার্কেটপ্লেসটি ব্যবহার করছে সেখান থেকেও সদস্য দেওয়া হবে। আগামী ২৮ জুন ২০২৩ এর মধ্যে উদ্যোক্তারা তাদের কমিটি গঠন বিষয়ক পরিকল্পনা শেয়ার করবে।
- বোর্ড পরিচালনা পর্ষদ গঠিত হলে ইউএনডিপি বোর্ড ম্যানেজমেন্টকে তহবিল (অ্যাকাউন্ট) সংরক্ষণ এবং উদ্যোক্তাদের দ্বারা প্রস্তাবিত কারিগরি প্রশিক্ষণ প্রদান করবে।
- সদস্যপদ-ভিত্তিক, স্বচ্ছ এবং দক্ষ অনলাইন মাকেটপ্লেস হিসেবে আনন্দমেলাকে একটি সমতাপূর্ণ রূপ দিতে ইউএনডিপি নির্বাচিত বোর্ডকে দুই (০২) বছরের জন্য উপদেশ প্রদানমূলক এবং কারিগরি সহায়তা প্রশিক্ষণ প্রদান করবে।
- আনন্দমেলা মার্কেটপ্লেসকে (ওয়েবসাইট) একটি নির্ভরযোগ্য ই-কমার্স প্ল্যাটফর্ম হিসেবে প্রচারের জন্য উদ্যোক্তাদের সহযোগিতায় এবং ইউএনডিপি'র কারিগরি সহায়তায় অনলাইন ক্যাম্পেইনের মাধ্যমে সোশাল মিডিয়াতে প্রচার কার্যক্রম  শুরু হয়েছে; এটির উদ্দেশ্য হলো জনপ্রিয়তা তৈরী করা এবং অনলাইন কেনাকাটার একটি বিশ্বস্ত মার্কেটপ্লেস হিসেবে প্রতিষ্ঠিত করা।

DS

15-Jun-2023

National Project Manager

DocuSign Envelope ID: AF9B8011-51D0-4FEA-8ECF-B73D8CD74AE6

**বিস্তারিত আলোচনা সমূহ:**

*যেহেতু করোনা মহামারী শেষ হয়েছে এবং অন্যান্য ই-কমার্স এর মার্কেটপ্লেসগুলোও সহজলভ্য সেক্ষেত্রে আপনারা আনন্দমেলাকে আগামীতে আরো পরিপূর্ণ একটি মার্কেটপ্লেস হিসেবে দেখতে চান কিনা?

| ক্রম. | নাম | উদ্যোগের নাম | জেলা | প্রস্তাবনাসমূহ |
|---|---|---|---|---|
| ১ | প্রিয়াংকা রানি সূর | দেশি ফেরিওয়ালা | যশোর | আনন্দমেলা হলো একটি বিশ্বস্ত অনলাইন মার্কেটপ্লেস যেখানে অসংখ্য তৃণমূল উদ্যোক্তাদের আত্মপ্রকাশ ঘটেছে এবং আর্থিকভাবে সচ্ছল হওয়ার সুযোগ তৈরী করে দিয়েছে। এটি ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য গুরুত্বপূর্ণ মার্কেটপ্লেস হিসেবে কাজ করছে। |
| ২ | চন্দনা ঘোষ | কারুপণ্য উন্নয়ন সংস্থা | ঠাকুরগাঁও | উদ্যোক্তাদের ব্যবসা শুরু এবং বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের সুযোগ তৈরীতেও আনন্দমেলা মার্কেটপ্লেস তৃণমূল উদ্যোক্তাদের ক্ষমতায়নের জন্য কাজ করছে। প্রশিক্ষণ এবং পরামর্শের মাধ্যমে সমৃদ্ধশালী হতে তারা অর্জন করেছে গুরুত্বপূর্ণ দক্ষতা। আগে তারা তাদের ওয়েবসাইট এবং অনলাইন ব্যবহারে অদক্ষ ছিলো কিন্তু এখন তারা আনন্দমেলা ওয়েবসাইটে নিজস্ব অনলাইন শপ পরিচালনা করতে পারে । |
| ৩ | শারমিন হক | শারমিন'স ফুড | ঢাকা | তিনি কাজ করেন হোম মেইড খাবার নিয়ে এবং আনন্দমেলা ওয়েবসাইটে নিয়মিত ছবি শেয়ার এবং পেজে পোস্ট করেন। এই মার্কেটপ্লেসের মাধ্যমে তিনি খাবার ব্যবসার উল্লেখযোগ্য সাড়া পেয়েছেন এবং ব্যবসা বিষয়ক মূল্যবান ও সূক্ষ্ণ জ্ঞান অর্জন করেছেন; খাবার নিয়ে তার প্রচেষ্টা, দক্ষতা-জ্ঞান, সিদ্ধান্ত নেওয়া, যা তাকে পরিচিত করেছে একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে। |
| ৪ | চুমকি বিশ্বাস | অংকুর হ্যান্ডিক্রাফ্ট | ময়মনসিংহ | তিনি কখনো আনন্দমেলা ব্যবহার করেন না কিন্তু আনন্দমেলা'র অস্তিত্ব সম্পর্কে জানে। তিনি আনন্দমেলা মার্কেটপ্লেস ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ চান। বর্তমানে ময়মনসিংহে একটি দোকান পরিচালনা করেন যেখানে গ্রাহকরা তার দোকান থেকে সরাসরি পণ্য কেনাকাটা করে। অনলাইন দোকান থাকার পক্ষে তিনি একমত এবং আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেস স্টোর খোলার ইচ্ছা পোষণ করেন সঠিক দিকনির্দেশনা ও সহযোগিতার মাধ্যমে। তিনি তার ব্যবসাটিকে অনলাইন মার্কেটপ্লেসে সচল রাখতে চান। |

DS

15-Jun-2023

National Project Manager

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | আফসানা হিমু | হিমুর স্বপ্ন বুনন | ঢাকা | তিনি গত একবছর ধরে এই অনলাইন মার্কেটপ্লেসের অংশ হয়ে গুরুত্বপূর্ণ অভিজ্ঞতা অর্জন করেছেন তার ব্যবসা 'হিমুর স্বপ্ন বুনন' কে আরো সুন্দর করে গুছিয়ে পরিচালনা করছেন। তিনি এই ধরনের মার্কেটপ্লেসের সাথে যুক্ত হওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং আনন্দমেলা মার্কেটপ্লেসের টেকসই উন্নয়নের অগ্রগতি প্রত্যাশা করেছেন। যেহেতু তিনি এই অনলাইন মার্কেটপ্লেসের সাথে দীর্ঘদিন থেকে জড়িত সেহেতু তিনি আশা করেন যে, এই মার্কেটপ্লেসের সাথে তার ব্যবসারও উত্তরোত্তর অগ্রগতি অব্যাহত থাকবে। |
| ৬ | শেফালী খাতুন | ইউডিসি (UDC) | সুনামগঞ্জ | গ্র্যান্ট থেকে উনাকে পুরস্কৃত করা হয়েছে। তিনি প্রায় ৫-৬ মাস ধরে আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেসে নিয়মিত এবং সচল আছেন। তিনি আরো পরিকল্পনা করেছেন যে, এই অনলাইন মার্কেটপ্লেস সম্পর্কে তিনি তার এলাকায় বা কমিউনিটিতে জানাবেন এবং যারা আগ্রহী হবেন তাদেরকে তিনি এই মার্কেটপ্লেসে দোকান খুলতে সহযোগিতা করবেন। তার উদ্দেশ্য হলো এই অনলাইন মার্কেটপ্লেস বিষয়ক ইতিবাচক অভিজ্ঞতা শেয়ার করে অন্যদেরও অনলাইন মার্কেটপ্লেসটি ব্যবহারে উৎসাহিত করা। |
| ৭ | সায়েদা উম্মুল ওয়ারা | বাহারি কেনাকাটা (ফ্রেশন) | ঢাকা (রংপুর) | তিনি আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেস থেকে অনেক প্রশিক্ষণ পেয়েছেন এবং ঢাকা আন্তর্জাতিক বাণিজ্যমেলাতেও অংশগ্রহন করেছেন যেটি তার জন্য অনেক উপকার হয়েছে। তিনি গ্র্যান্ট পেয়েছেন যার জন্য আনন্দমেলা'র প্রতি অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেসের সুযোগ ও সহযোগিতায় তার ব্যবসার সম্প্রসারিত হচ্ছে সেইজন্যও তিনি অনেক কৃতজ্ঞতা জানান। |
| ৮ | হোসনে আরা | বিউটি ড্রিম | ঢাকা | তিনি আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেসের একজন পরিবেশ বান্ধব উদ্যোক্তা; পাটের বিভিন্ন ধরনের পণ্য নিয়ে কাজ করেন, পাট পণ্যে তিনি অভিজ্ঞ এবং পাট নিয়ে কাজ করতে তিনি স্বাচ্ছন্দ্যবোধ করেন। একজন সফল ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে তিনি আনন্দমেলা'র উপদেষ্টা হিসেবে কাজ করতে চান; তার ব্যবসার দক্ষতা, অভিজ্ঞতাগুলোকে মূল্যায়নের মাধ্যমে। |
| ৯ | সানজিদা আফরোজ | আলিযা বিডি | চট্রগ্রাম | তিনি অনলাইন মার্কেটপ্লেসের ব্যবহার বিষয়ক দক্ষতা প্রশিক্ষণ নেওয়ার উপর গুরুত্ব দিয়ে বলেন যে, বিশেষ করে পণ্য বিক্রির ক্ষেত্রে জাতীয় এবং আন্তর্জাতিক কনটেন্টগুলো কেমন হওয়া |

DS

15-Jun-2023

National Project Manager

DocuSign Envelope ID: AF9B8011-51D0-4FEA-8ECF-B73D8CD74AE6

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | উচিত সে বিষয়ে দক্ষতা প্রশিক্ষণ জরুরী। প্রয়োজনীয় দক্ষতা অর্জনের উপর গুরুত্ব দিয়ে তিনি বলেন, আন্তর্জাতিক ক্রয়-বিক্রয় এবং লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য **‘অনলাইন মার্কেটপ্লেস ব্যবহার বিষয়ক দক্ষতা প্রশিক্ষণ’** প্রয়োজন। |
| ১০ | তাহরিম খান | তাগড়া বিডি | ঢাকা | তার যাত্রা শুরু হয় **‘নানা’স কিচেন’** এর সিগনেচার পণ্য চিজ এবং আচার দিয়ে। প্রশিক্ষণের মাধ্যমে তিনি তার ব্যবসা বৃদ্ধি করার জন্য পণ্য বিপণন কর্মকৌশল, প্রচারমূলক কার্যক্রম এবং সহজেই ক্রেতার দৃষ্টিগোচর হয় এমন তথ্যগুলো জানার আগ্রহ প্রকাশ করেন। তিনি অনুরোধ করেন ডিজিটাল মার্কেটিং প্রশিক্ষণের বিষয়গুলো যেন সহজেই আরো অনেক মানুষের কাছে পৌছানো যায়, যেমন: স্বচ্ছ নথিপত্র (ডকুমেন্টেশন), ভিডিও প্রেজেনন্টেশন। বিশেষ করে তিনি গুরুত্ব দেন, একটি শক্তিশালী ব্র্যান্ড পরিচয় তৈরি করার। |
| *কেন ফেইসবুককে ব্যবসার জন্য ব্যবহার করা হয়? | | | | |
| ১১ | মুসফেরা জাহান | মম ফানুস | ঢাকা | অনলাইন মার্কেটপ্লেসের মাধ্যমে ক্রেতার অর্ডারগুলো সময়মতো ওয়েবসাইটের মাধ্যমে যাতে সহজেই পাওয়া যায় সেই বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন। তিনি মনে করেন মার্কেটপ্লেসটির সব কিছু আরো বেশি ব্যবহার উপযোগী হওয়া প্রয়োজন। তিনি আরো প্রত্যাশা করেন, ফেইসবুকের চেয়ে আরো অন্যান্য মাধ্যমে মার্কেটিংয়ের প্রয়োজন যেমন-নিউজপেপার এবং অন্যান্য ওয়েবসাইটে। তিনি বলেন- ফটোগ্রাফি বিষয়ে সহযোগিতা প্রয়োজন যাতে সহজে আমরা অনলাইন মার্কেটিংয়ের কার্যক্রম পরিচালনা করতে পারি। |
| ১২ | জুলিয়া আক্তার | Aksha's Attire | ঢাকা | তিনি আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেসের সাথে সংহতি প্রকাশ করে বলেন আমাদের পণ্যের বিক্রয়, প্রচার এবং বিপণন কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে আমাদের চাপগুলোও গুরুত্ব দিতে হবে। তিনি দৃঢ় প্রত্যাশা করেন যে, বিশেষভাবে আনন্দমেলা অনলাইন মার্কেটপ্লেসে জাতীয় বাজারের ক্রেতা এবং দেশীয় বাজারের ক্রেতাদের বাইরেও আন্তর্জাতিক বাজারের ক্রেতাদের সাথে যোগাযোগের প্রচার-প্রসারে আমাদের সহায়তা করবে। |

DS

15-Jun-2023

National Project Manager

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | তাহমিনা চৌধুরী | Pindhan - পিন্ধন | ঢাকা | অনলাইন মার্কেটপ্লেসটি (ওয়েবসাইট) ব্যবহার করার ক্ষেত্রে তিনি কিছুটা বাধার সম্মুখীন হন; বিশেষ করে যখন পণ্যের অর্ডার আসে এবং অনলাইনে ব্রাউজ করে; তার কাছে কঠিন মনে হয় যখন ওয়েবসাইটে পণ্যের ছবি এবং পণ্যের বিস্তারিত বর্ণনা আপলোড করে। |
| ১৪ | মাহমুদুল আলম | টি-আর্ট (T-Art) | পঞ্চগড় | তিনি তার ব্যবসার প্রমোশন এবং অ্যাপস মার্কেটিং এর জন্য আনন্দমেলা মার্কেটপ্লেসকে অনুরোধ করেন যে, ক্রেতা বা গ্রাহকের সম্পৃক্ততা লক্ষ্য রেখে বড় পরিসরে ডিজিটাল বিপণনের জন্য কর্মপরিকল্পনার। তিনি আরো বলেন, ওয়েবসাইট ব্যবহারকারীদের অভিজ্ঞতার আলোকে মার্কেটপ্লেসের কার্যকারিতা এবং বিভিন্ন ধরনের ব্যবহারিক পদ্ধতিগুলো আরো আমাদের জন্য আরো সহজ করা। |

DocuSigned by:
Kajal Chatterjee
30AD9C3C86E34A0...
15-Jun-2023
.....................

কাজল চ্যাটার্জী
ন্যাশনাল প্রজেক্ট ম্যানেজার,
স্বপ্ন এবং উইং প্রজেক্ট, ইউএনডিপি, ঢাকা-বাংলাদেশ।

আনন্দমেলা একটি অনলাইন প্লার্টফর্ম হিসেবে নারী, সুবিধা বঞ্চিত, ট্রান্সজেন্ডার ও পিছিয়ে পড়া ক্ষুদ্র উদ্যোক্তাদের টেকসই উন্নয়নের জন্যে এবং আরো কর্মসংস্থান এর সুযোগ তৈরির লক্ষ্যে কাজ করছে। ইউএনডিপি বাংলাদেশ এর উইং প্রকল্প উদ্যোক্তাদের মতামতের ভিত্তিতে আনন্দমেলাকে একটি মেম্বারশিপ ভিত্তিক নিবন্ধিত কোম্পানি হিসাবে গঠনের সিদ্ধান্ত নিয়েছে। এই বিষয়ে আপনার মুল্যবান মতামত ও অংশগ্রহণ নিশ্চিত করতে

**এই লিংকে ক্লিক করুন**

Google form link : https://forms.gle/XMiGquZBsPC2Q5fF6

DocuSign Envelope ID: AF9B8011-51D0-4FEA-8ECF-B73D8CD74AE6





**Image 1:** Photo of the Way forward meeting (Anondomela)

**Way Forward Meeting with Anondomela Entrepreneurs**
**Women's Empowerment for Inclusive Growth (WING)**
Date: 28 May 2023, Time: 10:00 am – 12:00 pm
Venue: SWAPNO Project Office, IDB Bhaban, Agargaon, Dhaka

Organized by: WING Project, UNDP Bangladesh

**Attendance**

| SN. | Name | Designation & Organization | Email & Mobile |
|---|---|---|---|
| 1 | Papia Islam Mita | Mita's boutique bd (Owner) | mita620202@gmail.com |
| 2 | Meheroon Nesa Tanya | Tanya's Kitchen Corner | mn2713@gmail.com |
| 3 | Moon Das | House of Jamdani (founder) | traditionalstorebd@gmail.com |
| 4 | Shammi Akhter | kalpotoru | myname.shopna@gmail.com |
| 5 | Tanha Akter Mukta | Tanha Akter Mukta | tanhaakhter777@gmail.com |
| 6 | Farhana Khondoker | Nutri nature (owner) | farhanakhondoker14@gmail.com |
| 7 | Kanij Farheen Panthee | GHURNI by Panthee (Founder) | kfpanthee83@gmail.com |

DocuSign Envelope ID: AF9B8011-51D0-4FEA-8ECF-B73D8CD74AE6

| | | | |
|---|---|---|---|
| 8 | Nazia Binte Harun | Nazia Binte Harun (founder) | nazaharun@gmail.com 01675185535 |
| 9 | Musfera Zahan | MOMO FANUSH (owner) | Zahanmusfera@gmail.com 01748-966964 |
| 10 | Atia Siddika Keya | Bibir Boson (owner) | atiasiddikakeya@gmail.com 01841244270 |
| 11 | Mst. Murshida Nupur | Anusshor fashion (owner) | anusshorbd@gmail.com 01972012538 |
| 12 | Shamim Ara Dipa | Rahela jute craft Entrepreneur | shamimaradipa@gmail.com 01726020606 |
| 13 | Julia Akter | Aksha's Attire - Owner | julehasan07@gmail.com 01707772931 |
| 14 | Tahrim Khan | Tagrabd - Owner | contact.tagra@gmail.com tahrimkhan1@gmail.com |
| 15 | Tahmina Chowdhury | CEO & FOUNDER - PRODHAN-প্রধান | tahminchy@gmail.com |
| 16 | Kajal Chatterjee | Project Manager, SWAPNO & WING, UNDP | |
| 17 | Rajiur Rahman | WING, UNDP | |
| 16 | Sarah Zita | WING, UNDP | |
| 17 | Bushra Tabassum | WING, UNDP | Bushra Tabassm |
| 18 | Fahim Reza | WING, UNDP | |
| 19 | Shikha Khatun | WING, UNDP | |
| 20 | Kashfia Sharmin | SWAPNO, UNDP | |

**নোট:** সভার ছবিসহ অ্যাটেনডেন্স যুক্ত করা হলো।